



Chattagram Maa-O-Shishu Hospital Medical College

(A project of Chattagram Maa-O-Shishu Hospital)

Agrabad, Chittagong-4100, Bangladesh. Phone: 880-31-718525/718521 / 2520063/ 711236

2511457 / 2511432 / 2525822 (Direct) Fax: 880-31-2527799

E-mail: cmoshmc@bnsibd.net Website : www.maa-shishu-ctg.org

স্মারক নং-চমাশিহামেক/শি-২০১৪-২০১৫/ ৮৪৬৭

তারিখঃ ২৭.১১.২০১৪

সাধারণ কোটায় ভর্তির বিজ্ঞপ্তি

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে (১০ম ব্যাচ) ১ম বর্ষ এম.বি.বি.এস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণে কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত ২৪.১০.২০১৪ তারিখের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ফলাফলের ভিত্তিতে বেসরকারি মেডিকেল কলেজ সমূহের জন্য নির্বাচিত মেধা তালিকায় (Merit Score-১২০ থেকে তদুর্দ্ধ এবং লিখিত পরীক্ষায় ন্যূনতম ৪০ নম্বর প্রাপ্ত) ছাত্র/ছাত্রীদের কাছ থেকে প্রাপ্ত আবেদনের ফলাফলের ভিত্তিতে নোটিশ বোর্ডে টাঙ্গানো তালিকায় ভর্তির জন্য সাধারণ কোটায় মেধাক্রম ০১ থেকে প্রথম ৭৩ জন ছাত্র/ছাত্রীদেরকে সাময়িকভাবে নির্বাচিত করা হল। স্বাস্থ্য পরীক্ষার উপযুক্ততা সাপেক্ষে আগামী ২৯.১১.২০১৪ থেকে ০৪.১২.২০১৪ তারিখ বেলা ২ ঘটিকার মধ্যে ভর্তি হওয়ার জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীদেরকে বলা হল।

আগামী ০৪.১২.২০১৪ তারিখ বেলা ২ ঘটিকার মধ্যে নির্বাচিত ছাত্র/ছাত্রীবৃন্দরা ভর্তি হতে ব্যর্থ হলে, তাদের নির্বাচন বাতিল বলে গণ্য হবে। তদন্বয়ে ০৪.১২.২০১৪ তারিখ বেলা ২ ঘটিকার পর হতে ক্রমিক নং-৭৪ থেকে আসন খালি থাকা সাপেক্ষে মেধাক্রমানুসারে ছাত্র/ছাত্রীদের ১ম, ২য় এবং ৩য় অপেক্ষমান তালিকা যথাক্রমে ০৪.১২.২০১৪, ০৭.১২.২০১৪ এবং ১০.১২.২০১৪ তারিখে কলেজের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং আসন খালি থাকা সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সরকারী আদেশ অনুযায়ী আগামী ৩১.১২.২০১৪ তারিখে সম্পন্ন হবে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৬৩১ তারিখঃ ০৩.১১.২০১৪ মূলে বেসরকারী মেডিকেল কলেজে সমূহে এম.বি.বি.এস কোর্সে বিদেশী ছাত্র-ছাত্রীদের ভর্তির সময়সীমা ১৫.১২.২০১৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। অত্র মেডিকেল কলেজে বিদেশী কোটায় কোন ছাত্র-ছাত্রী ভর্তি না হলে, সরকারী নির্দেশনা মোতাবেক তৎস্থলে দেশীয় ছাত্র-ছাত্রী দ্বারা মেধাক্রমানুযায়ী উক্ত কোটা যথাযথভাবে পূরণ করা হবে। অতএব আগামী ১৫.১২.২০১৪ তারিখে ছাত্র-ছাত্রীদের সংশ্লিষ্ট অভিভাবকদেরকে কলেজ অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ভর্তির সময় প্রতিদিন সকাল ৯ টা থেকে বেলা ২.৩০ ঘটিকা পর্যন্ত। স্বাস্থ্য পরীক্ষা কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। ভর্তি সংক্রান্ত প্রক্রিয়ায় কোনরূপ অনিচ্ছাকৃত/অনাকাঙ্ক্ষিত ভুলত্রুটি পাওয়া গেলে কর্তৃপক্ষ তা সংশোধন/সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ভর্তির সময় সাময়িকভাবে নির্বাচিত ছাত্র/ছাত্রীদের যা সঙ্গে আনতে হবে :


- ১। প্রদত্ত ভর্তি সংক্রান্ত ফিঃ এর মূল রশিদের ফটোকপি।
- ২। এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের মূল কপি।
- ৩। এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ও মূল প্রবেশ পত্র।
- ৪। এস.এস.সি. ও এইচ.এস.সি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূল কপি।
- ৫। এস.এস.সি. ও এইচ.এস.সি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/টেস্টিমোনিয়ালের মূল কপি।
- ৬। ছাত্র/ছাত্রীদের পূরণকৃত ভর্তি ফরম ও অভিভাবকদের বন্ড (যা কলেজ অফিস থেকে সরবরাহ করা হবে)
- ৭। যারা "এ" লেভেল এবং "ও" লেভেলের ছাত্র/ছাত্রী, তারা মূল সনদপত্র ও মার্কসীট এর সাথে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত মূল ইকুইভেলেন্স সার্টিফিকেট জমা দিতে হবে।
- ৮। সনাক্তকৃত ও সত্যায়িত ৪ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রশ্মি ছবি।
- ৯। জাতীয়তা সনদপত্রের মূল কপি (স্থানীয় ওয়ার্ড কমিশনার / চেয়ারম্যান থেকে)।
- ১০। অভিভাবকের জাতীয়তা সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং ২ কপি পাসপোর্ট সাইজের সদ্যতোলা ছবি।
- ১১। আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত নিম্নলিখিত ফিঃ (অফেরতযোগ্য) সমূহ ভর্তি কালীন সময়ে পরিশোধ করতে হবে।

Details of Fees to be realised at the time of admission to M.B.B.S class (Session 2014-2015)		
Sl. No.	Particulars	Fees
01.	Admission fee	Tk. 13,90,000.00
02.	Internship fee	Tk. 1,20,000.00
03.	Tuition fee @ 8,000/- per month . Fees for 3 months to be paid at the time of admission	Tk. 24,000.00
04.	Chittagong University Medical Faculty Dev. Fee	Tk. 10,000.00
Total (Non refundable)		Tk. 15,44,000.00

১২। অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র আপনা-আপনি বাতিল হয়ে যাবে এবং পরবর্তীতে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১৩। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ কর্তৃক গঠিত "মেডিকেল বোর্ড" এর পরীক্ষা অনুযায়ী শারিরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে।

১৪। উপরে বর্ণিত ১৫,৪৪,০০০/- (পনের লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা "চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ" এর অনুকূলে ব্যাঙ্ক ড্রাফট অথবা স্থানীয় ব্যাঙ্ক হতে পে-অর্ডার এর মাধ্যমে ভর্তির সময় জমা দিতে হবে।



অধ্যাপক এ.এস.এম. মোস্তাক আহমেদ

অধ্যক্ষ,

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ

আগ্রাবাদ, চট্টগ্রাম।